# সৌদির তেল স্থাপনায় ড্রোন হামলার দাবি হুথিদের


ছবি: আল জাজিরা

সৌদি আরবের পশ্চিমাঞ্চলীয় ইয়ানবু শহরের দিকে তেল পরিবহনের গুরুত্বপূর্ণ অবকাঠামো লক্ষ্য করে ড্রোন হামলা চালানোর দাবি করেছে ইয়েমেনের ইরান-সমর্থিত হুথি বিদ্রোহীরা।

সোমবার (২৭ জুলাই) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

হুথিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারে বলেন, সৌদি আরবের পূর্বাঞ্চল থেকে ইয়ানবু বন্দরের সঙ্গে যুক্ত প্রধান তেল পাইপলাইন এবং বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনা লক্ষ্য করে একযোগে ড্রোন হামলা চালানো হয়েছে।

তিনি দাবি করেন, ইয়েমেনের আকাশসীমায় সৌদি ড্রোনের অনুপ্রবেশ ও সামরিক তৎপরতার জবাব হিসেবেই এই হামলা চালানো হয়েছে।

তবে হুথিদের এই দাবির বিষয়ে এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি সৌদি কর্তৃপক্ষ বা দেশটির রাষ্ট্রীয় তেল কোম্পানি সৌদি আরামকো। হামলায় কোনো হতাহত বা তেল স্থাপনায় বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে কি না, সে বিষয়েও এখন পর্যন্ত নিশ্চিত তথ্য পাওয়া যায়নি।

LENS ASIA